Ghuddi Foundation
Govt. Reg. No: S12001 (2014)
Non profit organization

সবার জন্য শিক্ষা
Education for All

বরাবর,
অধ্যক্ষ,
[redacted],ঢাকা।
সরকারি বিজ্ঞান কলেজ

বিষয়ঃ এইচএসসি ২০২৫ পরীক্ষার্থীদেরকে "ঘুড্ডি ফাউন্ডেশন" বৃত্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমার এবং ঘুড্ডি ফাউন্ডেশনের শুভেচ্ছা জানবেন।

বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি, বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি প্রভৃতি প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থেকে দীর্ঘদিন ধরে আমরা দেশের শিক্ষার্থীদের জন্য কাজ করছি। কাজ করতে গিয়ে আমরা লক্ষ্য করেছি অনেক মেধাবী শিক্ষার্থী কেবল অর্থ, গাইডেন্স ও অনুপ্রেরণার অভাবে নিজেকে এগিয়ে নিতে পারে না। আমাদের নিজেদের সামর্থের মধ্যে যে কয়জনকে সম্ভব এ সহায়তা, গাইডেন্স ও অনুপ্রেরণা যোগানোর জন্য আজ থেকে ১২ বছর আগে আমরা কয়েকজন মিলে "ঘুড্ডি ফাউন্ডেশন" নামে একটি প্রতিষ্ঠান গড়ে তুলি। এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য হলো অর্থ ও গাইডেন্সের অভাবে পিছিয়ে পড়া কিছু অদম্য মেধাবীর পাশে দাড়ানো। আমাদের বন্ধু-বান্ধব ও পরিচিত জনেরাই এই কার্যক্রমের আর্থিক দিকের দায়িত্ব নিয়েছেন। আর কয়েকজন স্বেচ্ছাশ্রমের মাধ্যমে এটি পরিচালনা করেন। বিগত বছর সমূহে আমাদের এই আয়োজনের সাফল্যের প্রতিবেদন দেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে যার দুইটি আমি এই পত্রের সঙ্গে যুক্ত করেছি।

ঘুড্ডি ফাউন্ডেশন মুলত ২ টি ধাপে বৃত্তি প্রদান করে।

**প্রথম ধাপঃ** এস. এস. সি. পাশ করা ছাত্র-ছাত্রীদের পরবর্তী ২ বছরের পড়াশুনার খরচ প্রদান
**দ্বিতীয় ধাপঃ** এইচ. এস. সি. পরীক্ষার্থীদের এডমিশন কোচিং বৃত্তি প্রদান

প্রতি বছরের মত এই বছরও "ঘুড্ডি ফাউন্ডেশন" থেকে ১১০০ জন এইচ. এস. সি. ২০২৫ পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় / মেডিকেল / ইঞ্জিনিয়ারিং এডমিশন কোচিং বৃত্তি প্রদানের উদ্যোগ নিয়েছি আমরা। আবেদনকৃত ছাত্র/ছাত্রীদের মধ্যে থেকে পরীক্ষার মাধ্যমে বৃত্তির জন্য নির্বাচিত করা হবে এবং আমাদের অর্থায়নে নিজস্ব তত্ত্বাবধানে এডমিশন কোচিং করানো হবে "বর্ণ" তে। বিগত বছর পর্যালোচনা করলে দেখা যায় যে, আমাদের সঠিক পরিচর্যা এবং গাইডলাইনের কারণে বৃত্তি প্রাপ্ত ৯০% ছাত্র/ছাত্রী এখন সফল ভাবে বিশ্ববিদ্যালয় / মেডিকেল কলেজে পড়াশোনা করছে। ঠিক একারণেই, এই বৃত্তি পাওয়ার জন্য প্রচন্ড প্রতিযোগীতা লক্ষ্য করা যায়।

Ghuddi Foundation
Head Office:
B/14, Block-E, Zakir Hossain Road,
Mohammdpur, Dhaka
Mobile: 01322882400
facebook.com/educationforallbd

চলতি বছরের কর্মকাণ্ডে প্রকৃত মেধাবী, যাদের এই গাইডেন্স ও অর্থ সাহায্য প্রয়োজন তাদেরকে বাছাই করার জন্য আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একটি ১ ঘন্টার অবহিতকরণ কার্যক্রম পরিচালনা করছি। এ লক্ষে আপনার কলেজের এইচ.এস.সি. ২০২৫ পরীক্ষার্থীদের সঙ্গে নিচের কাজ গুলো সম্পন্ন করতে আগ্রহী। এই কাজ সম্পন্ন করতে সর্বোচ্চ ২ ঘন্টা প্রয়োজন হবে।

১। বৃত্তির জন্য নির্ধারিত আবেদনপত্র পূরণ করা।
২। বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়/মেডিকেল/ ইঞ্জিনিয়ারিং কলেজ সম্বন্ধে ধারনা দেওয়া এবং এখন থেকে কিভাবে পড়াশুনা করলে এইচ.এস.সি. তে ভাল জিপিএ অর্জন করা যায় এবং পরবর্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় / মেডিকেল কলেজ / ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় / অন্যান্য বিশ্ববিদ্যালয়ে কিভাবে সুযোগ পাওয়া যায়, সে সম্বন্ধে পরিষ্কার গাইড লাইন প্রদান করা।

৩। আমাদের বৃত্তি পরীক্ষার ধরণ, মান-বন্টন সম্বন্ধে আলোচনা করা।

এ আয়োজনটি করার জন্য একটি সুবিধাজনক সময়ে আমাদের এই অবহিতকরণ কার্যক্রম পরিচালনা করার অনুমতি প্রদাণের জন্য বিনীত অনুরোধ করছি। এ বিষয়ে আমাদের প্রতিনিধিবৃন্দ কলেজের নিয়মকানুন মেনে চলার নিশ্চয়তা দিচ্ছে। সমগ্র কার্যক্রম বা এ বিষয়ে যে কোন প্রশ্ন থাকলে সরাসরি আমাকে বা আমাদের কোঅর্ডিনেটর মুহাম্মাদ সাইফুর রহমানকে জানানোর জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার ও আপনার প্রতিষ্ঠানের সেকেন্ড ডিফারেন্সিয়াল নেগেটিভ হোক।

ধন্যবাদ

মুনির হাসান
চেয়ারম্যান, ঘুড্ডি ফাউন্ডেশন
সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি
সহ-সভাপতি, বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি
যুব কর্মসূচি সমন্বয়ক, দৈনিক প্রথম আলো
ই-মেইল : munir.hasan@bdosn.org
মোবাইলঃ ০১৭১৩০৬৭৫৯০

ঘুড্ডি ফাউন্ডেশন
যোগাযোগঃ
০১৭০৬-১০০৬৩৮
০১৭০৬-১০০৬৩৯

মুহাম্মাদ সাইফুর রহমান
কোঅর্ডিনেটর
০১৭৭৬ ১১১ ৬৬৬

সংযুক্তঃ
১। বৃত্তির বিস্তারিত বিবরণ।
২। দৈনিক প্রথম আলো এবং দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের ফটোকপি।

প্রথম আলো

# প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায় ঘুড্ডি ফাউন্ডেশের কার্যক্রম

## খুঁজে খুঁজে মেধাবীদের পাশে দাঁড়ান তারা

মোছাব্বের হোসেন

০৪ নভেম্বর ২০১৮, ০৮:০১
আপডেট: ০৪ নভেম্বর ২০১৮, ১০: ০৭

প্রিন্ট সংস্করণ

অ- অ+ ১৪

Save to Facebook



মেধাবীদের খুঁজে এনে তাঁদের জীবন বদলে দিয়েছেন তিন তরুণ বাঁ থেকে সাইফুর রহমান, নূর খান ও এনায়েত হোসেন রাজীব।

বিস্তারিত তথ্যের জন্য মোবাইলে স্ক্যান করুন:



বিস্তারিত তথ্যের জন্য মোবাইলে স্ক্যান করুন:



বিস্তারিত তথ্যের জন্য মোবাইলে স্ক্যান করুন:

দৈনিক ইত্তেফাক

ঢাকা, বুধবার ০৪ সেপ্টেম্বর ২০১৩, ২০ ভাদ্র ১৪২০ এবং ২৭ শাওয়াল ১৪৩৪

হোম | প্রথম পাতা | শেষ পাতা | রাজধানী | বিশ্ব সংবাদ | বিনোদন প্রতিদিন | শিল্প বাণিজ্য | খেলার খবর | অন্যান্য | দ্বিতীয় সংস্করণ | আইটি কর্ণার | অনুশীলন | আয়োজন | সম্পাদকীয় | উপ-সম্পাদকীয় | দৃষ্টিকোন | সারাদেশ | বিশেষ সংখ্যা | আজকের ফিচার | ই-পেপার | বিজ্ঞাপন দর

« পূর্ববর্তী সংবাদ

### তিন তরুণের 'সবার জন্য শিক্ষা'

মোজাহেদুল ইসলাম ঢেউ



শানিত মেধা আর প্রবল ইচ্ছাশক্তি থাকলে হাজারো সীমাবদ্ধতাতেও তার স্ফুরণ ঘটবেই এমন উদাহরণ নতুন কিছু নয়। আমাদের দেশে প্রতি বছর বিভিন্ন পাবলিক পরীক্ষার পর এমন অনেক মেধাবীকে নিয়েই জাতীয় দৈনিকগুলোতে ছাপা হয় বিশেষ প্রতিবেদন। বিশেষ করে এসএসসি পরীক্ষার পর গ্রাম-বাংলার প্রত্যন্ত অঞ্চলের এমন অনেক শিক্ষার্থীর কথাই জানা যায়, যারা চরম দারিদ্র্যকে মোকাবেলা করে, সারাবছর ধরে নানা কায়িক শ্রম দিয়ে পরিবারের খরচ চালিয়ে ন্যূনতম সময় সুযোগ পায় নিজের লেখাপড়ার জন্য। আর তাতেই তারা সর্বোচ্চ ফলাফল করতে সমর্থ হয়। বেশিরভাগ প্রতিবেদনে যে বিষয়টির উল্লেখ থাকে তা হচ্ছে দারিদ্র্যের কারণে ভবিষ্যতে পড়ালেখা করার সুযোগ তাদের অনেকেরই থাকে না। এমনই মেধাবীদের উচ্চশিক্ষার সুযোগ করে দিতেই ২০১১ সালে যাত্রা শুরু করে 'এডুকেশন ফর অল' বা 'সবার জন্য শিক্ষা' শীর্ষক একটি প্রকল্প। স্বপ্নবাজ তিন তরুণের উদ্যোগে প্রতিষ্ঠিত এই ফাউন্ডেশনের পক্ষ থেকেই প্রতি বছরে সুবিধাবঞ্চিত কিছু শিক্ষার্থীকে পড়ালেখার সুযোগ করে দেয়া হচ্ছে। আর ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা তিনজনই সম্পূর্ণ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে পরিচালনা করে যাচ্ছেন এর কার্যক্রম।

ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে পড়ালেখা করেছেন সাইফুর। উদ্যোক্তাদের তৃতীয় জন নূর খান। নেত্রকোনার কেন্দুয়ার নূর পড়ালেখা করেছেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ম্যারিল্যান্ড কলেজ পার্কে, অর্থনীতিতে। এরপর কানাডায় ইয়র্ক ইউনিভার্সিটিতে মাস্টার্স করেছেন। ২০১০ সালে দেশে ফিরে কাজ শুরু করেন ইন্টারনেট, সফটওয়্যার আর অ্যাপ্লিকেশন নিয়ে। ওয়েব, আইফোন, অ্যান্ড্রয়েড প্রভৃতি প্ল্যাটফর্মের জন্য। এসব নিয়ে কাজ করা ই-মাইক্রোগ্রাফের প্রধান নির্বাহী হিসেবে কাজ করে যাচ্ছেন।

বিস্তারিত তথ্যের জন্য মোবাইলে স্ক্যান করুন:

**এইচএসসি ২০২১ ব্যাচের বৃত্তির ব্যাপারে বিস্তারিত আলোচনা করছেন নূর খান চেয়ারম্যান, ঘুড্ডি ফাউন্ডেশন**



Scan Me

https://www.facebook.com/watch/?v=727221074719630

# বর্ণ বৃত্তি - ২০২৫

বর্ণ সবার জন্য শিক্ষা

এইচ এস সি ২০২৫ এর জন্য প্রযোজ্য (বিজ্ঞান/মানবিক/ব্যবসা)

**বৃত্তিপ্রাপ্তদের আর্থিক সহযোগিতায়ঃ**

ঘুড্ডি ফাউন্ডেশন | প্রথম আলো ট্রাস্ট | মানুষ মানুষের জন্য ফাউন্ডেশন | গাজী ফাউন্ডেশন | October 4 Ltd. | হৃদয়ে বাঘাইছড়ি ফাউন্ডেশন | নাটাই ফাউন্ডেশন

## পরীক্ষাঃ ১৭ জানুয়ারি ২০২৫

আবেদনের শেষ তারিখ: ১০ জানুয়ারি ২০২৫

**আবেদন করার নিয়ম:**

০১৩২২-৮৮২৪০০ উপরের নাম্বারে নিচের ফরমেটে এসএমএস করতে হবে:

HSC Batch 2025? (Yes/No) :
Name :
College Name :
College District :
HSC Group (Science/Arts/Commerce) :
SSC Roll :
SSC GPA :
Student mobile No :
Family Occupation :

## আবেদনের যোগ্যতা:

* এসএসসি সর্বনিম্ন জিপিএ : ৩.৫০
* এম সি কিউ (MCQ) এক্সাম
* ভুল উত্তরের জন্য ০.২৫ নাম্বার কাটা হবে
* ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না

**অথবা, অন লাইনে আবেদন**

লিঙ্ক-১: https://testmoz.com/13780476
লিঙ্ক-২: https://ghuddi.org/HSC2025_apply.html

আর্থিকভাবে স্বচ্ছল ও অস্বচ্ছল যে কেউ বৃত্তি পরীক্ষাটি দিতে পারবে

**পরীক্ষার ধরন : প্রতিটি জেলায় অফলাইনে পরীক্ষা অনুষ্ঠিত হবে**

**মোট বৃত্তি পাবে ১১০০ জন**

বৃত্তি পরীক্ষায় নির্বাচিত সকল ছাত্র-ছাত্রীদের ঢাকায় বর্ণ এডমিশন কেয়ারে অফলাইনে কোচিং করানো হবে।

বুয়েট, বুটেক্স, মেডিকেল, ঢাবিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের দ্বারা ক্লাস নেওয়া হয়।

**কোচিং ইউনিট:**

* মেডিকেল+ম্যাথ
* ইঞ্জিনিয়ারিং+বায়োলজী
* ঢাবি (ক/খ/গ/বিভাগ পরিবর্তন)

বিস্তারিত:
fb/educationforallbd
fb/borno.edu

## পরীক্ষার সিলেবাস : বোর্ড প্রদত্ত শর্ট সিলেবাস

**মোট-১০০ নাম্বার**

| বিজ্ঞান: | ব্যবসায় শিক্ষা: | মানবিক/বিভাগ পরিবর্তন: |
|---|---|---|
| পদার্থ-২৫ | বাংলা-২৫ | বাংলা-২৫ |
| রসায়ন-২৫ | ইংরেজি-২৫ | ইংরেজি-২৫ |
| জীব-২৫ | হিসাববিজ্ঞান-২৫ | সাধারণজ্ঞান-৫০ |
| গণিত-২৫ | ম্যানেজমেন্ট-২৫ | |
| বাংলা-২৫ | | |
| ইংরেজি-২৫ | | |
| সময়: ১ ঘন্টা ৩০ মিনিট | সময়: ১ ঘন্টা | সময়: ১ ঘন্টা |
| পরীক্ষা শুরু: সকাল ১০ টা | দুপুর ২.৩০ টা | দুপুর ২.৩০ টা |

* যাদের গণিত/জীববিজ্ঞান নেই, তারা বাংলা অথবা ইংরেজী হতে যে কোন ১টি বিষয় উত্তর করবে।

ঘুড্ডি ফাউন্ডেশন হেল্পলাইন: ০১৩২২-৮৮২৪০০

বর্ণ হেল্পলাইন: 01706 - 100 - 638, 01706 - 100 - 639

Ghuddi Foundation
Govt. Reg. No: S12001 (2014)

১২তম বছর সাফল্যের

# ঘুড্ডি ফাউন্ডেশন

সবার জন্য শিক্ষা বৃত্তি-২০২৫

সহযোগিতায়:
বর্ণ
সবার জন্য শিক্ষা

HSC 2025 Batch : ☐ Yes ☐ No

Name : ____________________

College Name : ____________________

College District : ____________________

SSC Roll : ____________________

SSC GPA : ____________________

HSC Group : ☐ Science ☐ Commerce ☐ Arts

Family Occupation : ____________________

Student Mobile No. : ____________________